



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
টার্মিনাল ম্যানেজার এর দপ্তর

পত্র নং - চবক/টিএম/এফসিএল/দ্রুত ডেলিভারী/২০১৭

তারিখ : ২৩/০৭/২০২০ খ্রীঃ

বরাবর,

সভাপতি/সাধারণ সম্পাদক,
চট্টগ্রাম সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন,
সিএন্ডএফ টাওয়ার, আছাবাদ বা/এ,
চট্টগ্রাম

বিষয়ঃ আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে চট্টগ্রাম বন্দর থেকে বিভিন্ন আমদানীকারকগণ কর্তৃক আনীত পিয়াজ, রসুন, আদা, তেলসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যসহ অন্যান্য পণ্যের এফসিএল কন্টেইনার দ্রুত ডেলিভারী নেওয়া প্রসঙ্গে।

- সূত্র : ১। পরিচালক (ট্রাফিক), চবক দপ্তরের বিজ্ঞপ্তি নং -০৬/২০২০, তারিখ: ২৭/০৪/২০২০ ইং।
২। পরিচালক (ট্রাফিক), চবক দপ্তরের বিজ্ঞপ্তি নং -০৬/২০২০, তারিখ: ০৫/০৫/২০২০ ইং।
৩। অত্র দপ্তরের পত্র নং - চবক/টিএম/এফসিএল/দ্রুত ডেলিভারী/২০১৭; তারিখ: ২৫/০৪/২০২০ ইং, তারিখ: ০৯/০৫/২০২০ ইং, তারিখ: ১৯/০৫/২০২০ ইং, ২৭/০৫/২০২০ ইং ও ০৯/০৭/২০২০ ইং।

চট্টগ্রাম বন্দরে বিভিন্ন জাহাজে করে আমদানীকারকদের অনুকূলে যে পরিমাণ আনীত পিয়াজ, রসুন, আদা, তেলসহ নিত্য প্রয়োজনীয় নিত্য প্রয়োজনীয় দ্রব্যসহ অন্যান্য পণ্যের এফসিএল কন্টেইনার আসছে সে অনুযায়ী কন্টেইনার ডেলিভারী হচ্ছে না। ২১/০৭/২০২০ ইং তারিখে এফসিএল কন্টেইনার চট্টগ্রাম বন্দরে ৩৩,২৭২ টিইউএস কন্টেইনার স্থিত রয়েছে, তার মধ্যে পিয়াজ, রসুন, আদাসহ রিফার পণ্য বাহিত এফসিএল কন্টেইনার চট্টগ্রাম বন্দরে ২,৭১২ টিইউএস স্থিত রয়েছে। আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ইতঃমধ্যে আপনাদের কর্তৃক আমদানীকৃত পিয়াজ, রসুন, আদা, তেলসহ নিত্য প্রয়োজনীয় নিত্য প্রয়োজনীয় দ্রব্যসহ অন্যান্য পণ্যের এফসিএল কন্টেইনার দ্রুত চট্টগ্রাম বন্দর থেকে খালাস করা না হলে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহার বাজারে ভোগ্য পণ্য সরবরাহের ঘাটতি দেখা দিতে পারে। সরবরাহ ঘাটতির কারণে বাজারে দ্রব্যমূল্য বৃদ্ধি পেলে জন সাধারণের উপর নেতীবাচক প্রভাব পড়বে। তাই আপনাদের সদস্যবৃন্দকে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে নিত্য প্রয়োজনীয় নিত্য প্রয়োজনীয় দ্রব্যসহ অন্যান্য পণ্যের এফসিএল কন্টেইনার দ্রুত ডেলিভারী নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সহযোগীতা প্রদানের অনুরোধ করা যাচ্ছে। বন্দরের কার্যক্রমে গতিশীলতা আনয়ন, কন্টেইনার হ্যাণ্ডলিং দ্রুত করার ব্যাপারে বন্দর ব্যবহারকারী এবং আমদানীকারক ও রপ্তানীকারদের প্রতিনিধি হিসেবে সিএন্ডএফ এজেন্টদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সিএন্ডএফ এজেন্টগণ এ ব্যাপারে চট্টগ্রাম বন্দরকে সহযোগীতা করে আসছে এবং ভবিষ্যতে এ ধারা অব্যাহত থাকবে।

এমতাবস্থায়, আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম সুষ্ঠু, স্বাভাবিক ও গতিশীল রাখার স্বার্থে আমদানী-রপ্তানীকারকগণের সাথে যোগাযোগপূর্বক করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রান্ত বিশ্ব স্বাস্থ্য সংস্থা, স্বাস্থ্য মন্ত্রনালয় ও অধীনস্থ সংস্থাসমূহ কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনপূর্বক চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে স্থিত পিয়াজ, রসুন, আদা, তেলসহ নিত্য প্রয়োজনীয় নিত্য প্রয়োজনীয় দ্রব্যসহ অন্যান্য পণ্যের এফসিএল কন্টেইনার দ্রুত ডেলিভারী নেয়ার পাশাপাশি সরকারী ছুটির দিনসহ বন্ধের দিনগুলোতেও এফসিএল কন্টেইনার ডেলিভারী স্বাভাবিক রাখার কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা গেল। এ ব্যাপারে আপনাদের সহযোগীতা একান্ত কাম্য।

বিষয়টি অতীত জরুরী।

সহঃ টার্মিনাল ম্যানেজার (শিঃ ও ইঃ)
পক্ষে, টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

অনুলিপিঃ

- ১। একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
- ২। একান্ত সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
- ৩। একান্ত সচিব, নৌ পরিবহন সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
- ৪। একান্ত সচিব, বাণিজ্য সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।
- ৫। সকল সদস্য, চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
- ৬। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রাম এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
- ৭। পরিচালক (প্রশঃ), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
- ৮। পরিচালক (ট্রাফিক), চবক এর সদয় অবগতির জন্য দেয়া গেল।
- ৯। প্রেসিডেন্ট, এফবিসিসিআই, ফেডারেশন ভবন (২য় তলা), ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০, সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
- ১০। ১ম সহ-সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ রিজিওনাল অফিস, বিজিএমইএ ভবন, লেভেল-৪ ও ৫, ৬৬৯/ই, ঝাউতলা রোড, দঃ খুলশী, চট্টগ্রাম এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
- ১১। সভাপতি, বিকেএমইএ, ২৩৩/১, বিবি রোড, প্রেস ক্লাব ভবন (১ম ও ৩য় তলা), নারায়ন গঞ্জ-১৪০০ এর অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
- ১২। প্রেসিডেন্ট, চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, আছাবাদ, চট্টগ্রাম- অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
- ১৩। চেয়ারম্যান, বাংলাদেশ শিপিং এজেন্টস এসোসিয়েশন, চট্টগ্রাম চেম্বার অব কমার্স বিল্ডিং, আছাবাদ বা/এ, চট্টগ্রাম - অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
- ১৪। প্রেসিডেন্ট, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন, আনোয়ার টাওয়ার, আছাবাদ বা/এ, চট্টগ্রাম - অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা গেল।
- ১৫। পিএ টু চেয়ারম্যান; চেয়ারম্যান, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।

সহঃ টার্মিনাল ম্যানেজার (শিঃ ও ইঃ)
পক্ষে, টার্মিনাল ম্যানেজার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ